দৈনিক জনকণ্ঠ

তারিখ ... SEP. 15 2002
পৃষ্ঠা ১১ কলাম ৫

নিষিদ্ধ হওয়া সত্ত্বেও সিলেটে অবাধে বিক্রি হচ্ছে বিভিন্ন শ্রেণীর নোট ও গাইড

স্টাফ রিপোর্টার, *সিলেট অফিস*

নিষিদ্ধ হওয়া সত্ত্বেও স্কুলের বিভিন্ন শ্রেণীর গাইড ও নোটবই সিলেটে অবাধে বিক্রি হচ্ছে। মুদ্রণত্রুটিপূর্ণ নিম্নমানের এই নোটবই ছাত্রছাত্রীদের মূল বই পাঠে নিরুৎসাহিত করছে। সরকার ১৯৮০ সালের ১২ ফেব্রুয়ারি নোটবই নিষিদ্ধ করে একটি আইন পাস করে। এই আইন অনুযায়ী ১ম থেকে ৮ম শ্রেণী পর্যন্ত সব ধরনের নোটবই মুদ্রণ, প্রকাশ এবং বিতরণ নিষিদ্ধ করা হয়। সরকারী নিষেধাজ্ঞা অমান্য করে একশ্রেণীর অসাধু ব্যবসায়ী নিজেদের নাম গোপন রেখে প্রকাশক ও মুদ্রণকারী হিসাবে ছদ্মনাম ব্যবহার করে এসব নোটবই বাজারজাত করছে। সিলেটের বিভিন্ন লাইব্রেরীতে দেদার তা বিক্রি হচ্ছে। নিম্নমানের ছাপা ও ভুলত্রুটিতে ভরা এসব নোটবইয়ের প্রচার ও প্রসারে অভিভাবক ও সচেতন মহল উদ্বিগ্ন। সচেতন মহলের মতে, সকল গাইড ও নোটবই ছাত্রছাত্রীদের পরীক্ষায় অসদুপায় অবলম্বনে প্ররোচিত করছে। একজন অভিজ্ঞ হেডমাস্টার কিংবা অভিজ্ঞ হেডমাস্টারমণ্ডলী রচিত ইত্যাদি উল্লেখ করে যেসব প্রিন্টিং প্রতিষ্ঠান ও প্রকাশকের নাম লেখা হচ্ছে, সেগুলোও সঠিক নয়। শুধুমাত্র ব্যবসা করার উদ্দেশ্যে একটি অসাধুচক্র দেশব্যাপী নেটওয়ার্ক তৈরি করে এসব বইয়ের বাজার সৃষ্টি করেছে। অধিক কমিশন পাওয়ার প্রত্যাশায় লাইব্রেরীগুলোও উৎসাহ নিয়ে এই নোট ও গাইড বই বিক্রি করছে। শুধু নোট ও গাইড বইয়ের ব্যবসা করেই শেষ নয় অসাধু চক্র বছরের শুরুতেই পাঠ্যবই মুদ্রণ ও খোলাবাজারে তা বিক্রি করে থাকে। বিশেষ করে প্রাথমিক পর্যায়ে বই সরবরাহে সন্ধটের সুযোগ নিয়ে নিজেরা রাতারাতি বই মুদ্রণ করে মুনাফা হাতিয়ে নেয়।

'মন্ত্রী থেকে নেতাকর্মী কেউ সরকারের নিয়ন্ত্রণে নেই'

এদিকে জাতীয় পার্টির প্রেসিডিয়াম সদস্য শফিউল আলম প্রধান শুক্রবার সন্ধ্যায় সিলেট প্রেসক্লাবে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে বলেন, মন্ত্রী থেকে শুরু করে দলীয় নেতাকর্মী কেউই খালেদা সরকারের নিয়ন্ত্রণে নেই। যে কারণে দেশে চরম নৈরাজ্য চলছে। বর্তমান সরকারের আমলে সন্ত্রাস ৫০ বছরের রেকর্ড ভঙ্গ করেছে। অপ্রত্যাশিতভাবে ভোট পেয়ে জোট সরকার ক্ষমতায় এসেছে। অবিশ্বাস্যভাবে এখন শিশু খুনের ঘটনা বৃদ্ধি পেয়েছে। রাজনৈতিক প্রতিহিংসার শিকার হয়েছেন হুবি রানী। মানবতা আজ লাঞ্ছিত। সন্ত্রাস এখন রাষ্ট্রীয়ভাবে স্বীকৃতি লাভ করেছে। আওয়ামী লীগ আমলে দেশ দুর্নীতিতে শীর্ষ অবস্থানে ছিল, আজও তাই।